

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪৬৮

পর্ব-১৬: কিসাস (প্রতিশোধ) (کتاب القصاص)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

ٱلْفَصْلُ الثَّانِيْ

### আরবী

وَعَنْهُ عَنْ

رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «كُلُّ ذَنْبٍ عَسَى اللَّهُ أَنْ يَغْفِرَهُ إِلَّا مَنْ مَاتَ مُشْركًا أَقْ مَنْ يقتُلُ مُؤمنا مُتَعَمدا» . رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

৩৪৬৮-[২৩] উক্ত রাবী ([আবুদ্ দারদা (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আশা করা যায় যে, আল্লাহ তা'আলা সকল গুনাহ ক্ষমা করে দেবেন। কিন্তু ঐ ব্যক্তিকে ক্ষমা করবেন না, যে ব্যক্তি মুশরিক অবস্থায় মারা যায়, অথবা স্বেচ্ছায় কোনো মু'মিনকে হত্যা করে। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪২৭০, সহীহাহ্ ৫১১, সহীহ আল জামি' ৪৫২৪, সহীহ আত্ তারগীব ২৪৪৬, সহীহ ইবনু হিব্বান ৪৯৮০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে বলা হচ্ছে, দু' ধরনের গুনাহ ব্যতীত অন্য সকল গুনাহের ব্যাপারে ক্ষমা আশা করা যায় যে, আল্লাহ তা মাফ করে দিবেন। আর সে দুই ধরনের গুনাহ হলো- আল্লাহর সাথে শরীক করা অবস্থায় মারা যাওয়া এবং কোনো মু'মিন ব্যক্তিকে ইচ্ছাকৃতভাবে হত্যা করা।

(يَّقْتُلُ مُؤْمِنًا مُتَعَمِّدًا) মু'মিনকে ইচ্ছাকৃতভাবে হত্যা করল। অর্থাৎ মু'মিন হওয়ার কারণে তাকে হত্যা করল। কিন্তু আল্লাহ যদি তাকে ক্ষমা করে দেন তবে ভিন্ন কথা। যেমন আল্লাহ তা'আলা বলেনঃ إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَن يُشْرُكَ بِهِ अल्लाह राम তাকে ক্ষমা করে দেন তবে ভিন্ন কথা। যেমন আল্লাহ তা'আলা বলেনঃ إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ مَا دُونَ ذَٰلِكَ لِمَن يَشَاءُ (সূরা আন্ নিসা ৪ : ৪৮, ১১৬) আল্লাহ তাঁর সাথে শরীককারীকে ক্ষমা করবেন না,



এতদ্যতীত যাকে ইচ্ছা করবেন তাকে ক্ষমা করে দিবেন। এ হাদীস দ্বারা আরো বুঝা যায় যে, যে ব্যক্তি কোনো মু'মিন ব্যক্তিকে হত্যা করবে তাকেও আল্লাহ ক্ষমা করবেন না। সে চিরকালে জাহান্নামে অবস্থান করবে। এ মর্মে পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে- وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خَالِدًا فِيهَا وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خَالِدًا فِيها অর্থাৎ- "যে ব্যক্তি কোনো মু'মিনকে ইচ্ছাকৃতভাবে হত্যা করবে তার প্রতিদান হলো জাহান্নাম। সেখানে সে চিরকাল অবস্থান করবে-" (সূরা আন্ নিসা ৪ : ৯৩)। 'আল্লামা মুযহির বলেনঃ যে ব্যক্তি মু'মিনকে হত্যা করা হালাল মনে করে হত্যা করবে সে চির জাহান্নামী। (মিরকাতুল মাফাতীহ; 'আওনুল মা'বৃদ ৭ম খন্ড, হাঃ ৪২৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন